সংলগ্নী-XIV

# স্কীম প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ নির্দেশিকা

# অংশ-১ পরিকল্পনা (PLANNING)

## ১. কাজের পরিধি (Scope of Activities)ঃ

১.১ মৎস্যচাষের লক্ষ্যে প্রকল্পের ডিপিপিতে তালিকাভূক্ত ৬১টি জেলার মোট ৩৪৯ টি উপজেলার নির্বাচিত সরকারী খাস পুকুর, দিঘি, খাল-বিল, মরানদী, ক্যানাল, বরোপিট, হাওড় ও বাঁওড় পুনঃখননসহ সংস্কার ইত্যাদি।

১.২ স্কীম এলাকার ভূমিহীন প্রান্তিক চাষী, গরিব বেকার যুবক, মহিলা, স্থানীয় আনসার ও ভিডিপি সদস্য এবং মৎস্যচাষে আগ্রহী ব্যক্তির সমন্বয়ে গ্রুপ গঠন, গ্রুপের নিজস্ব তহবিল গঠনের উদ্দেশ্যে সঞ্চয় কার্যক্রমে গ্রুপ সদস্যদের সম্পৃক্তকরণ, মৎস্যচাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান, অন্যান্য প্রয়োজনীয় সহায়তা প্রদান, মাছ চাষ বিষয়ক কার্যক্রমের জন্য তহবিলের ব্যবস্থা করণ।

১.৩ প্রকল্পভূক্ত ৬১টি জেলার (৩ পার্বত্য জেলা ব্যতিত) কেবলমাত্র সরকারি/আধাসরকারী/প্রাতিষ্ঠানিক মালিকানাধীন জলাশয়ে কার্যক্রম গ্রহণ।

১.৪ কেবলমাত্র প্রকল্পের ডিপিপিতে তালিকাভূক্ত জলাশয়ে স্কীম গ্রহণ ও বাস্তবায়ন করা যাবে।

১.৫ প্রকল্পের ডিপিপিতে তালিকাভূক্ত জলাশয়ে স্কীম গ্রহণে কোন জটিলতার সৃষ্টি হলে স্থানীয় ব্যবস্থাপনা কমিটির সুপারিশের ভিত্তিতে জটিলতা নিরসন করতে হবে।

## ২. স্কীম নির্বাচন পদ্ধতি (Scheme Selection criteria)ঃ

২.১ প্রকল্পের ডিপিপিতে তালিকাভূক্ত ৬১টি জেলার ৩৪৯টি উপজেলার উপুক্ত জলাশয়ের মধ্যে স্কীম প্রণয়ন।

২.২ স্থানীয় ব্যবস্থাপনা কমিটির অনুমোদনক্রমে স্কীম প্রণয়ন।

২.৩ মাছচাষের কৌশলগত দিক ও সুফলভোগীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের দিক বিবেচনা করা।

২.৪ জলাশয়টির অনুকূলে গঠিত সুফলভোগীদের নিকট কমপক্ষে ৩ বৎসর ইজারা প্রদানের নিশ্চয়তা বিধান এবং কোন অনিয়ম পরিলক্ষিত না হলে পরবর্তী ইজারায় উক্ত সুফলভোগীদের অগ্রাধিকার প্রদান।

২.৫ দৈততা পরিহারের লক্ষ্যে গৃহীত স্কীম অন্য কোন চলমান উন্নয়ন প্রকল্পভুক্ত আছে কিনা তা যাচাইকরণ।

২.৬ স্কীম নির্বাচনের সময় সুফলভোগী গ্রুপ সদস্যদের মধ্যে কমপক্ষে ২০-২৫% মহিলা সদস্যসহ হেক্টর প্রতি ৭-১০ জন অন্তর্ভুক্তির বিষয়টি বিবেচনাকরণ। ঘনবসতিপূর্ণ এলাকা হলে প্রতি হেক্টরে সুফলভোগীর সংখ্যা বাড়নো যেতে পারে।

২.৭ পুকুর/দিঘি,খাল, বিল, ক্যানাল, মরানদী, হাওড়, বাঁওড়, বরোপিট ইত্যাদি উন্নয়নের জন্য প্রতি হেক্টরে অনধিক ১০,০০০ (দশ হাজার) ঘন মিটার মাটি খনন করতে হয় এবং নীট খনন গভীরতা ১.০০ মিটারের বেশী হবে না।

২.৮ জলাশয়ের ডিজাইন গভীরতা অনধিক ৩ মিটার হবে। কোন কারণে গভীরতা ৩ মিটারের বেশি হলে সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা/ সিনিঃ উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট উপঃসহঃ প্রকৌঃ/বিভাগীয় সহঃ প্রকৌঃ কর্তৃক উপযুক্ত কারিগরি ব্যাখ্যা প্রদান করতে হবে। প্রকৃত **খনন গভীরতা অনধিক ১.০০ (এক) মিটার বা ৩ ফুট ৩ ইঞ্চি হবে।**

২.৯ স্কীম নির্বাচনের সময় পরিবেশগত বিষয়সমূহ গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে।

২.১০ তালিকাভূক্ত কোন জলাশয় ব্যক্তিমালিকানাধীন হিসেবে চিহ্নিত হলে উহা বিবেচনায় নেয়া যাবে না।

২.১১ সার্বিকভাবে প্রস্তাবিত জলাশয়টি পুনঃখনন/সংস্কারের পর সারা বছরব্যাপি উপযুক্ত গভীরতার পানি ধারনের মাধ্যমে মৎস্য চাষের উপযোগী করতে হবে।

## ৩. স্কীমের ডিজাইন (Design of Scheme)ঃ

স্কীমের ডিজাইন ও প্রাক্কলন তৈরির সময় অবশ্যই সারা বছরব্যাপি উপযুক্ত গভীরতার পানি ধারনের মাধ্যমে মৎস্যচাষ কার্যক্রমের বিষয়টি বিবেচনায় রাখতে হবে। নিম্নবর্ণিত বিষয়সমূহ স্কীম ডিজাইনের সময় বিবেচনা করতে হবে ঃ

৩.১ মাটির ধরনের উপর নির্ভর করে জলাশয়ের সর্বোচ্চ পার্শ্ব ঢাল (Side slope) নিম্নরূপ হবে ঃ

| মাটির প্রকার | সর্বোচ্চ পার্শ্ব ঢাল |
|---|---|
| কাদামাটি/পলিমাটি | ১:২ |
| পলিযুক্ত কাদামাটি | ১:১.৫ |

বেলে দোয়াশ মাটি ১:২.৫০

৩.২ **বকচর ঃ**

**জলাশয়ের** মাটি খননের সময় এবং খননকৃত মাটি দাড়া পাড় নির্মাণের সময় কমপক্ষে ১(এক) মিটার চওড়া বকচর (Berm) রাখতে হবে। যদি ডিজাইন গভীরতা বা পাড়ের উচ্চতা ৩.০ মিটারের বেশি হয় তবে মধ্যবর্তী স্থানে আরো একটি ১(এক) মিটার চওড়া বকচর (Berm) তৈরি করতে হবে।

৩.৩ **পাড়ের উচ্চতা ঃ**

প্রস্তাবিত নির্মিত পাড়/বাঁধের উচ্চতা ঐ অঞ্চলের সর্বোচ্চ বন্যা-স্তর (**Highest Flood Level**) হতে কমপক্ষে ০.৬০ মিটার উঁচু রাখতে হবে (আনুমানিক ডিজাইন উচ্চতার ২০% বেশী)।

৩.৪ **পাড়ের উপরিভাগের প্রস্থ ঃ**

**জলাশয়ের** পাড়ের উপরিভাগের প্রস্থ সর্বনিম্ন ২.০০ মিঃ (৬ফিট ৬ ইঞ্চি) করা যেতে পারে । তবে, তুলনামূলকভাবে বড় আয়তনের জলাশয়ের পাড় ৩ মিটার( ১০ফুট) এর কম হবে না।

৩.৫ স্থায়ীত্বের জন্য উন্নয়নকৃত জলাশয়ের পাড় লেভেলিং, ড্রেসিং এবং টারফিং সম্পন্ন হতে হবে যাতে নির্মিত পাড়ে সবজি এবং ফলমূলের গাছ লাগানোর মাধ্যমে বিকল্প কর্মসংস্থান সৃষ্টি করা সম্ভব হয়।

## ৪. স্কীম তৈরিকরণ (Preparation of Scheme)ঃ

৪.১ স্কীম তৈরির জন্য অনুমোদিত স্কীম ছক (Scheme Proforma) ব্যবহার করতে হবে এবং স্কীম ছকের প্রতিটি বিষয় সতর্কতার সাথে পূরণ/স্বাক্ষর করতে হবে।

৪.২ তালিকাভূক্ত সরকারী খাস দিঘি/পুকুর/বদ্ধখাল/মরানদী/ক্যানাল/বিল ইত্যাদি প্রি-ওয়ার্ক সার্ভে সাউন্ডিং বা লেভেল মেশিনের সাহায্যে/পদ্ধতিতে নিতে হবে। বৃহৎ জলাশয়ের ক্ষেত্রে লেভেলিং মেশিন ব্যবহার করে সার্ভে করতে হবে। প্রি-ওয়ার্ক সার্ভের সময় অবশ্যই বেঞ্চ মার্ক(**Bench Mark**) পাকা/স্থায়ী কোন দৃশ্যমান স্থানে নির্ধারণ করতে হবে।

৪.৩ বিল/ক্যানাল/মরানদী/বদ্ধ খাল/বরোপিট ইত্যাদি পুন:খনন স্কীমের ক্ষেত্রে ৫০-১০০ মিটার (সুবিধা জনক) পরপর আড়াআড়ি পরিমাপ গ্রহণ করতে হবে। প্রয়োজন বোধে আরো কম ব্যবধানে আড়াআড়ি পরিমাপ গ্রহণ করা যেতে পারে।

৪.৪ পুকুর স্কীমের ক্ষেত্রে ৫ থেকে ১০ মিটার পরপর আড়াআড়ি পরিমাপ গ্রহণ করতে হবে।

৪.৫ আড়াআড়ি পরিমাপসমূহে ৩ মিটার পরপর গভীরতা/উচ্চতা গ্রহণ করতে হবে।

৪.৬ পরিমাপ সমূহ প্রি-ওয়ার্ক সার্ভে ডাটাসিটে/লেভেল বহিতে সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে।

৪.৭ জলাশয়ের মালিকানা প্রতিষ্ঠানের কাছ থেকে অবশ্যই অনাপত্তি সনদপত্র (NOC) সংগ্রহ করে স্কীমের সাথে সংযুক্ত করতে হবে।

৪.৮ প্রকল্পের জন্য গঠিত স্থানীয় ব্যবস্থাপনা কমিটি কর্তৃক স্কীমটি গ্রহণের রেজ্যুলেশন কপি অবশ্যই স্কীমের সাথে সংযুক্ত করতে হবে।

৪.৯ অনুমোদিত সুফলভোগীদের তালিকা (সাধারনত **প্রতি হেক্টরে ৭ থেকে ১০ জন সদস্য এবং কমপক্ষে ২০-২৫% মহিলা সদস্য, দলনেতার মোবাইল নাম্বারসহ**) অবশ্যই স্কীমের সাথে সংযুক্ত করতে হবে।

৪.১০ বিবেচ্য স্কীমের প্রি-ওয়ার্ক এবং পোস্ট-ওয়ার্ক পরিমাপ সংশ্লিষ্ট জেলা/সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তরে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে (ফটোগ্রাফসহ)।

## ৫. প্রি-ওয়ার্ক এবং পোস্ট-ওয়ার্ক জরিপ (Pre and Post-work Survey)ঃ

৫.১ মাঠ পর্যায় হতে প্রাপ্ত প্রি-ওয়ার্ক মৎস্য অধিদপ্তর অথবা প্রকল্প কর্তৃপক্ষ তাঁদের প্রতিনিধি/প্রকৌশলীর মাধ্যমে যে কোন সময় যে কোন স্কীমের প্রি-ওয়ার্ক এবং পোস্ট-ওয়ার্ক পরিমাপ গ্রহণ করতে পারবেন। প্রি-ওয়ার্ক গ্রহণ কালে প্রয়োজনে বিবেচ্য জলাশয়ের স্থির চিত্র সংরক্ষণ করতে হবে।

৫.২ প্রতিনিধি কর্তৃক গৃহিত প্রি-ওয়ার্ক সার্ভে ফলাফল এবং মাঠ পর্যায় থেকে প্রদত্ত স্কীমের প্রি-ওয়ার্ক সার্ভে ফলাফলের পার্থক্য যদি ঃ

ক) ১০% এর মধ্যে (+/-) হয় (নিম্ন অথবা প্রাক্কলিত) তবে বরাদ্দকৃত অর্থের পরিমাণ অপরিবর্তিত রেখে স্কীম সংশোধন পুর্বক প্রকল্প কর্তৃপক্ষকে অবহিতকরণসহ কাজ বাস্তবায়ন করতে হবে।

খ) যদি পার্থেক্যের পরিমাণ ১০% এর উর্ধে কিন্ত ৩০% এর নিম্নে হয় তবে গৃহীত সার্ভে রিপোর্ট অনুযায়ী স্কীম সংশোধন পূর্বক অর্থের পরিমাণ কমানো হবে, সেক্ষেত্রে স্কীম সংশোধন করে অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন

করা যাবে।

গ) ৩০% এর অধিক পার্থেক্যের ক্ষেত্রে স্কীমটি সরাসরি বাতিল বলে গন্য হবে।

৫.৩ সম্পাদিত পূন:খনন কাজ অনুযায়ী প্রকল্প পরিচালনা দপ্তর হতে গঠিত চূড়ান্ত পরিমাপ গ্রহণ কমিটি কর্তৃক গৃহীত প্রি-ওয়ার্ক ও পোস্ট-ওয়ার্কের ভিত্তিতে যে পরিমাণ মাটি নিরুপিত হবে, তাহাই বাস্তবায়নকারী কর্তৃপক্ষ গ্রহণ করবেন এবং অনুমোদিত দরহার অনুযায়ী পিআইসি/ঠিকাদার বরাবর মূল্য পরিশোধিত হবে। এ ক্ষেত্রে দৈনন্দিন মাস্টারোল/শ্রমিক হাজিরা সংরক্ষণ সম্পূর্ণ গঠিত পিআইসি এর বিষয় এবং উক্ত দৈনন্দিন মাস্টাররোল/শ্রমিক হাজিরার ভিত্তিতে বাস্তবায়নকারী কর্তৃপক্ষ চূড়ান্ত বিল পরিশোধে বাধ্য থাকবেন না।

৫.৪ মন্ত্রণালয়/প্রকল্প কর্তৃপক্ষের প্রতিনিধি কর্তৃক গৃহীত সার্ভে ডাটাসিটে মাঠ পর্যায়ে স্কীমের দায়িত্বপ্রাপ্ত কারিগরি কর্মকর্তা অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরীক্ষান্তে সম্মতিসুচক স্বাক্ষর করবেন।

৫.৫ প্রতিনিধি কর্তৃক গৃহীত পি-ওয়ার্ক এবং পোস্ট-ওয়ার্ক সার্ভে সম্পর্কিত বিষয়ে মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাদের কোন আপত্তি থাকলে তা অবশ্যই সার্ভে করার তারিখ থেকে ১০ দিনের মধ্যে প্রকল্প কর্তৃপক্ষকে লিখিতভাবে জানাতে হবে।

৫.৬ আপত্তি পুন:যাছাই করার প্রয়োজন দেখা দিলে পুন:কমিটি বা টিম গঠন করা যেতে পারে কিংবা পরিমাপের বিষয়ে প্রকল্প পরিচালকের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

## ৬. মাটি খননসহ অন্যান্য কাজের দরহার ও অর্থের চাহিদা(Rate and Fund Requirement)ঃ

| | |
|---|---|
| ৬.১ | সরকারী খাস পুকুর/দিঘি পুনঃখনন কাজের জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) সিডিউল অব রেটস অনুসারে প্রাক্কলন প্রস্তুত করতে হবে। সে ক্ষেত্রে প্রতি ঘনমিটার মাটি পুনঃখনন কাজের জন্য ডিপিপির প্রাক্কলিত দর ১৫৩.৬১ (একশত তেপান্ন টাকা একষাট্টি পয়সা) টাকা (LGED-2014)। |
| ৬.২ | খাল, বিল, মরানদী ও বরোপিট ইত্যাদি পুন:খনন কাজের জন্য ডিপিপি'র প্রাক্কলিত দর ১২৪.৪৭ (একশত চব্বিশ টাকা সাতচল্লিশ পয়সা) টাকা ((BWDB-2014)। সম্পাদিত কাজের বিল হতে সরকার কর্তৃক নির্ধারিত VAT, IT (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন যোগ্য। |
| ৬.৩ | পানি চলাচলের অবকাঠামো/পাইপ কালভার্ট নির্মান কাজের জন্য PWD এর ২০১৮ সনের রেইট সিডিউল অনুসারে প্রাক্কলন প্রনয়ণ করতে হবে। তবে প্রতিটি পাইপ কালভার্ট নির্মানে প্রাক্কলিত ব্যয় অনধিক ২.০০ লক্ষ টাকা। সম্পাদিত কাজের বিল হতে সরকার কর্তৃক নির্ধারিত VAT, IT কর্তন করতে হবে। |
| ৬.৪ | পানি সেচ কার্যক্রমের জন্য বিডব্লিউডিবি এর ২০১১-১২ সনের রেইট সিডিউল অনুসারে প্রতি ঘনমিটার পানি সেচের জন্য ৪.৫৬ টাকা বিবেচনা করে প্রাক্কলন প্রনয়ণ করতে হবে। সম্পাদিত কাজের বিল হতে সরকার কর্তৃক নির্ধারিত VAT, IT কর্তন করতে হবে। |
| ৬.৫ | লেভেলিং/ড্রেসিং/টারফিং কার্যক্রমের জন্য এলজিইডি এর ২০১৪ সনের রেইট সিডিউল অনুসারে প্রতি বর্গমিটার লেভেলিং/ড্রেসিং/টারফিং কাজের জন্য ২১.২৬ টাকা বিবেচনা করে প্রাক্কলন প্রনয়ণ করতে হবে। সম্পাদিত কাজের বিল হতে সরকার কর্তৃক নির্ধারিত VAT, IT কর্তন করতে হবে। |
| ৬.৬ | বিকল্প কর্মসংস্থানের অংশ হিসাবে উন্নয়নকৃত জলাশয়ের পাড়ে ফলজ বৃক্ষরোপন কার্যক্রমের জন্য প্রতিটি গাছ সরবরাহ ও রোপন বাবদ (নুন্যতম ৫ ফুট সাইজের যেকোন ফলজ গাছ, ক্রয়, পরিবহন, রোপন, ১ বছর রক্ষনাবেক্ষণসহ) ১০০.০০ টাকা বিবেচনা করে প্রাক্কলন প্রনয়ণ করতে হবে। সম্পাদিত কাজের বিল হতে সরকার কর্তৃক নির্ধারিত VAT, IT কর্তন করতে হবে। |

## ৭. স্কীম দাখিল, পর্যালোচনা এবং অনুমোদন পদ্ধতি (Scheme Submission and Approval Process) ঃ

৭.১ সংশ্লিষ্ট উপজেলার সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা, দায়িত্বপ্রাপ্ত উপ-সহঃ প্রকৌঃ এর সহায়তায় সরবরাহকৃত প্রফরমা অনুযায়ী স্কীম তৈরি পূর্বক সংশ্লিষ্ট বিভাগীয় প্রকৌশলীর স্বাক্ষরসহ জেলা মৎস্য কর্মকর্তার বরাবর দাখিল করবেন।

৭.২ জেলা মৎস্য কর্মকর্তা স্কীমসমূহ যাচাই বাছাই পূর্বক তাঁর মতামতসহ ২ (দুই) কপি স্কীম প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করবেন এবং সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালকগনকে অবহিত করবেন।

৭.৩ প্রকল্প পরিচালক প্রাপ্ত স্কীমসমূহ যাচাই বাছাই করে "স্কীম নির্বাচন কমিটির" অনুমোদন সাপেক্ষে বাস্তবায়নের লক্ষ্যে সরকারী/ডিপিপির সংস্থান অনুযায়ী আর্থিক বিধিবিধানের আলোকে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবেন।

৭.৪ জলাশয় সংস্কারের লক্ষ্যে প্রতিটি স্কীমের প্রস্তাব স্বয়ংসম্পূর্ণভাবে তৈরিপূর্বক বাঁধাই করে নিম্ন নির্দেশনা অনুযায়ী দাখিল করতে হবে, মোট ৫ প্রস্থ।

প্রথম ২ কপি ঃ প্রকল্প পরিচালকের দপ্তর, জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

তৃতীয় কপি ঃ সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালক এর দপ্তর।

চতুর্থ কপি ঃ সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর।

পঞ্চম কপি ঃ সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর।

৭.৫ প্রতিটি স্কীমের সাথে সংশিষ্ট জলাশয়ের মালিকানা প্রতিষ্ঠান হতে অনাপত্তি সনদ (NOC) এবং প্রযোজ্য ক্ষেত্রে পানি উন্নয়ন বোর্ড ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট চলমান প্রকল্পের সাথে উক্ত স্কীমের কোন দ্বৈততা নেই মর্মে স্থানীয় কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

৭.৬ প্রকল্প পরিচালক কেবলমাত্র চূড়ান্তভাবে নির্বাচিত স্কীমসমূহের বিপরীতে সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা/ সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাগণ এর অনুকূলে পূন:খনন কাজ বাস্তবায়নের লক্ষ্যে অর্থ বরাদ্দের সরকারি আদেশ (GO) জারি করবেন।

## ৮. গ্রুপ গঠনের নির্দেশাবলী এবং কার্যাবলী (Group Formation and Activities)ঃ

### ১) সুফলভোগী গ্রুপ গঠনের নীতিমালা ঃ

ক) সুফলভোগী গ্রুপের প্রতিটি সদস্যকে স্কীম (বিবেচ্য খাস পুকুর ও দিঘি, খাল-বিল, মরানদী/ক্যানাল, হাওড় ও বাঁওড় ইত্যাদি) এলাকার আশেপাশের অধিবাসী হতে হবে।

খ) স্কীম এলাকার ভূমিহীন প্রান্তিক চাষি, গরিব বেকার যুবক, মহিলা, আনসার, ভিডিপি সদস্য এবং মৎস্যচাষে আগ্রহী ব্যক্তিকে গ্রুপে অন্তর্ভুক্তির ব্যাপারে অগ্রাধিকার দিতে হবে।

গ) এক পরিবারে ০১ (এক) জনের অধিক সদস্য গ্রুপভুক্ত হতে পারবেন না। প্রতি হেক্টর জলাশয়ের জন্য ৭ থেকে ১০ জন সদস্য হবে এবং কমপক্ষে ২০-২৫% মহিলা সদস্য হতে হবে। জলাশয়ের চারিপাশে জনসংখ্যার ঘনত্ব বেশী হলে সদস্য সংখ্যা বাড়ানো যাবে।

ঘ) দলের কার্যাদি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ০৫ সদস্য বিশিষ্ট একটি পরিচালনা কমিটি থাকবে। উক্ত কমিটির মধ্যে ০১ জন দলপতি, ০১ জন সহকারী দলপতি, ০১ জন সচিব-কাম কোষাধ্যক্ষ, ০২ জন সদস্য থাকবেন।

ছ) গঠিত সুফলভোগী দলের কার্যক্রমকে টেকশই করতে কোন একটি সরকারী প্রতিষ্ঠান যেমন: সমবায় অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর অথবা পল্লী সঞ্চয় ব্যাংক এর মাধ্যমে নিবন্ধনের আওতায় আনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

### ২) গ্রুপ পরিচালনা কমিটির কার্যাবলি ঃ

২.১ সুফলভোগী গ্রুপ পরিচালনা কমিটি গ্রুপের যাবতীয় কার্যাবলি পরিচালনা করবে।

২.২ পরিচালনা কমিটি সপ্তাহে একবার সভায় মিলিত হবে। সভায় নিম্নবর্ণিত বিষয়াবলি আলোচিত হবে।

ক) জলাশয়ের ইজারা, অবকাঠামো সংক্রান্ত সমস্যাদি ও সমাধানের উপায়।

খ) মৎস্যচাষ সম্পর্কিত সমস্যাদি ও সমাধানের উপায়।

গ) পুকুর পাড়ে ফলজ বৃক্ষ রোপন, সবজি চাষ বিষয়ক সমস্যাদি ও সমাধানের উপায়।

ঘ) গ্রুপ সঞ্চয়ের চাঁদা আদায়ের অগ্রগতির পর্যালোচনা।

ঙ) গ্রুপ সঞ্চয়ের টাকা বিনিয়োগের পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন।

চ) প্রদর্শনী খামার কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা।

ছ) সাপ্তাহিক আয় ও ব্যয়ের হিসাব অনুমোদন।

জ) গ্রুপের নীতিবিরুদ্ধ কাজের জন্য পরিচালনা কমিটির সদস্যসহ গ্রুপের অন্যান্য সদস্যদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রণয়ন।

২.৩ সরকারী লক্ষ্য/উদ্দেশ্য বা উহার পরিপন্থি কোন কার্যক্রম উক্ত কমিটি কর্তৃক পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট

সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা সুপারিশক্রমে কর্তৃপক্ষা কমিটি বাতিল করতে পারবেন।

## ৩) সাধারণ সভার কার্যাদি ঃ

সকল গ্রুপ সদস্য প্রতি মাসে একবার একটি সাধারণ সভায় মিলিত হবে। সভায় নিম্নলিখিত বিষয়াবলি আলোচিত হবে:

ক) গ্রুপের পরিচালনা কমিটি মৎস্যচাষ সম্পর্কীয় সকল পরিকল্পনা ও বাস্তবায়ন পদ্ধতি গৃহীত কার্যক্রমসমূহ ও সমস্যাদি সাধারণ সভায় উপস্থাপন করবেন। আলোচনার পর সকল পরিকল্পনা বাস্তবায়ন পদ্ধতি ও গৃহীত কার্যক্রম সংখ্যাগরিষ্ঠ সদস্যদের সম্মতিক্রমে সাধারণ সভায় অনুমোদিত হবে।

খ) গ্রুপ সঞ্চয়ের সাপ্তাহিক চাঁদার হার নির্ধারণ ও সংগৃহীত টাকার বিনিয়োগ সম্পর্কীয় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ (প্রযোজ্য ক্ষেত্রে)।

গ) প্রদর্শনী খামারের অগ্রগতি পর্যালোচনা, মূল্যায়ন ও সিদ্ধান্ত গ্রহণ।

ঘ) প্রদর্শনী খামারের টাকা বিনিয়োগ এবং উৎপাদন ও আয়-ব্যয় সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

ঙ) পরিচালনা কমিটির সদস্যসহ কোন সদস্যের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের চূড়ান্ত প্রস্তাব গ্রহণ ও নতুন সদস্য গ্রুপভুক্ত করণের প্রস্তাব গ্রহণ।

চ) গ্রুপ সঞ্চয় ফান্ডের টাকা জমাদানের জন্য ব্যাংক নির্ধারণ এবং হিসাব খোলাসহ হিসাব পরিচালনা নীতি প্রণয়ন করা।

## ৪) গ্রুপ ফান্ড সংক্রান্ত কার্যাবলি ঃ

৪.১ গ্রুপ ফান্ডের টাকা ব্যাংকে সঞ্চয়ী হিসাবে রাখতে হবে।

৪.২ ব্যাংক হিসাব গ্রুপের দলপতি, সচিব-কাম কোষাধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা এই তিনজনের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

৪.৩ গ্রুপ ফান্ডের টাকা মৎস্য বিষয়ক কার্যক্রম যথা মাছ চাষ এবং বিল নার্সারি কার্যক্রম ফলজ বৃক্ষ রোপনসহ যেকোন আয় বৃদ্ধিমুলক খাতে ব্যয় করা হবে।

৪.৪ মৎস্যচাষ বিষয়ক ব্যয় নির্বাহের টাকা উত্তোলনের জন্য গ্রুপ সভায় সিদ্ধান্ত নিতে হবে এবং স্ব-স্ব সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা হতে ব্যয় প্রাক্কলন অনুমোদনপূর্বক ব্যয় নির্বাহ করতে হবে।

৪.৫ গ্রুপের যে কোন প্রয়োজনে মাসিক সভার অনুমোদনক্রমে ব্যাংক হতে টাকা উঠাতে পারবে এবং খরচের হিসেব পরবর্তী মাসিক সভাতে সকল সাধারণ সদস্যের দ্বারা অনুমোদন করিয়ে নিতে হবে।

৪.৬ গ্রুপের বিশেষ প্রয়োজনে মাসিক সভার অনুমোদন সাপেক্ষে উৎপাদন সংক্রান্ত ব্যয় নির্বাহ ও খামার রক্ষণাবেক্ষণের জন্য ৩০০০.০০ (তিন হাজার) টাকা পর্যন্ত উত্তোলন করতে পারবে এবং পরবর্তীতে সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে অবহিত করে সাধারণ সভায় অনুমোদন দিতে হবে।

৪.৭ কোন গ্রুপ সদস্য প্রথম ছয় মাসের মধ্যে গ্রুপ ফান্ডের টাকা ধারাবাহিকভাবে প্রদানে ব্যর্থ হলে তার সদস্যপদ বাতিল হয়ে যাবে। ছয় মাস পর যদি কোন গ্রুপ সদস্য পরপর চার কিস্তির টাকা প্রদানে ব্যর্থ হয় তবে তার সদস্যপদ বাতিল হয়ে যাবে। কিস্তির টাকা প্রদানে বিলম্বের জন্য প্রতি সপ্তাহে প্রতি কিস্তির জন্য ০৫ (পাঁচ) টাকা জরিমানা আদায় করা যাবে। কোন গ্রুপ সদস্য, সদস্য হিসেবে থাকার অনীহা প্রকাশ করলে অথবা তার সদস্যপদ বাতিল হয়ে গেলে তার প্রদানকৃত মূল টাকা ফেরৎ দিতে হবে এবং এ টাকার কোন লভ্যাংশ সে পাবে না। সংশ্লিষ্ট সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা মূলনীতিমালার সাথে সংগতি রেখে সরকারী লক্ষ্য/উদ্দেশ্য পূরণের স্বার্থে প্রয়োজনীয় যেকোন ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

## ৫) গ্রুপের সাধারণ কার্যাদি ঃ

৫.১ গ্রুপ সদস্যদের দ্বারা মৎস্যচাষ/বিল নার্সারি কার্যক্রম/বিকল্প কর্মপন্থা এবং গ্রুপ ফান্ড গঠন ও সুষ্ঠুভাবে পরিচালনায় ব্যর্থ হলে সংশ্লিষ্ট সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার সুপারিশক্রমে পরিচালনা কমিটি বাতিল করে নতুন কমিটি গঠন করা হবে।

৫.২ উন্নয়নকৃত জলাশয়ে নির্মিত অবকাঠামোসমূহ এবং পাড়ের মেরামত গঠিত গ্রুপ সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ করবে।

৫.৩ মৎস্যচাষসহ গ্রুপের বিভিন্ন আয়বর্ধক কর্মসূচি হতে প্রাপ্য অর্থ থেকে মাছচাষের জন্য প্রয়োজনীয় অর্থ গ্রুপ ফান্ডে জমা রেখে উদ্বৃত্ত অর্থ সদস্যদের মধ্যে সমভাবে বন্টন করতে হবে।

## ৬) যে সকল কারণে সদস্য পদ বাতিল হবে ঃ

৬.১ নীতিমালা বহির্ভূত কর্মকাণ্ডে অংশ গ্রহণ করা।
৬.২ দলপতির বিনা অনুমতিতে পরপর তিনটি সাধারণ সভায় ইচ্ছাকৃত অনুপস্থিত থাকা।
৬.৩ গ্রুপ কর্তৃক নির্ধারিত চাঁদা সময়মত পরিশোধ না করা।
৬.৪ গ্রুপ কর্তৃক নির্দিষ্টকৃত কর্মকাণ্ডে অংশ গ্রহণ না করা।
৬.৫ মৎস্যচাষসহ গ্রুপের অন্যান্য কর্মকাণ্ডে আগ্রহী না হওয়া।
৬.৬ প্রকল্প কর্মকর্তা এবং মৎস্য কর্মকর্তাদের দেওয়া পরামর্শ ও নির্দেশাবলী বাস্তবায়নে অংশ গ্রহণ না করা।

## ৭) সদস্য পদ বাতিলকরণ পদ্ধতি ঃ

৭.১ গ্রুপের পরিচালনা কমিটির সদস্যসহ কোন সাধারণ সদস্য উল্লেখিত নির্দেশনাসমূহ লংঘন করলে যে কোন সদস্য বিষয়টি গ্রুপের দলপতির নিকট পেশ করতে পারবে। (দলপতির বিরুদ্ধে অভিযোগ থাকলে সচিব-কাম কোষাধ্যক্ষ এর নিকট পেশ করতে হবে)। দলপতি পেশকৃত অভিযোগটি গ্রুপ পরিচালনা কমিটির সভায় উত্থাপন করবেন। গ্রুপ পরিচালনা কমিটি তদন্তপূর্বক গ্রুপের সাধারণ সভায় প্রয়োজনীয় সুপারিশ উপস্থাপন করবেন। সভায় আলোচনা পর্যালোচনার পর সাধারণ সদস্যদের সংখ্যাগরিষ্ঠের সম্মতিতে গৃহীত প্রস্তাব সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার মাধ্যমে স্থানীয় ব্যবস্থাপনা কমিটিকে অবহিত করবেন। অতঃপর স্থানীয় ব্যবস্থাপনা কমিটি উল্লিখিত অভিযোগটির ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। গ্রুপের কোন সদস্য কর্তৃক পেশকৃত অভিযোগ পেশ করার তিন মাসের মধ্যে গ্রুপের সাধারণ সভায় আলোচিত না হলে অভিযোগকারী তাঁর অভিযোগটি সরাসরি গ্রুপের সাধারণ সভায় উত্থাপন করবেন। উত্থাপিত অভিযোগটি সাধারণ সভায় আলোচনা পর্যালোচনার পর সংখ্যাগরিষ্ঠ সদস্যদের সম্মতিতে গৃহীত প্রস্তাব সিনিঃ/উপজেলা মৎস্য কর্মকর্তার মাধ্যমে স্থানীয় ব্যবস্থাপনা কমিটিকে অবহিত করবেন। স্থানীয় ব্যবস্থাপনা কমিটি উল্লেখিত অভিযোগটির ব্যাপারে প্রয়োজনীয় চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

৭.২ প্রকল্পের কোন কর্মকর্তা/ সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা/জেলা এবং বিভাগীয় ঊর্ধ্বতন কর্মকর্তার নিকট গ্রুপের দলপতিসহ গ্রুপ পরিচালনা কমিটির কোন সদস্য অথবা কোন সাধারণ সদস্য কর্তৃক প্রকল্প হতে সরবরাহকৃত উপকরণাদি আত্মসাৎ অথবা গ্রুপ ফান্ডের সঞ্চিত অর্থ তছরুপ অথবা অন্য কোন শৃংখলা বিরোধী কাজ পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা উক্ত বিষয়টি সরাসরি স্থানীয় ব্যবস্থাপনা কমিটিকে অবহিত করবেন। উল্লেখিত অভিযোগটির ব্যাপারে স্থানীয় ব্যবস্থাপনা কমিটি গ্রুপের সদস্যদের সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবেন।

## ৮) গ্রুপ বাতিল সংক্রান্ত ঃ

### ক) বাতিলের কারণ ঃ

i) গ্রুপকে ইজারা দেয়া জলাশয় সময়মত নবায়ন না করলে।
ii) প্রকল্পের নীতিমালা অনুযায়ী উৎপাদন পরিকল্পনা অনুসারে মাছচাষ কার্যক্রম পরিচালনা না করলে।
iii) সঞ্চয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় ব্যর্থ হলে।
iv) গ্রুপ পরিচালনা নির্দেশিকা অনুযায়ী গ্রুপ পরিচালনায় ব্যর্থ হলে।
v) গ্রুপের আর্থ-সামাজিক উন্নয়নসহ পরিবেশের উন্নয়ন পরিলক্ষিত না হলে।

### খ) গ্রুপ বাতিলকরণ পদ্ধতি ঃ

জেলা ও উপজেলা মৎস্য কর্মকর্তার নিকট কোন গ্রুপের মধ্যে উল্লিখিত কারণসমূহ প্রতীয়মান হলে উক্ত কর্মকর্তা সুনির্দিষ্ট কারণটি উল্লেখ পূর্বক স্থানীয় ব্যবস্থাপনা কমিটিকে অবহিত করবেন। স্থানীয় ব্যবস্থাপনা কমিটি উপস্থাপিত বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক গ্রুপ বাতিলের জন্য চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন।

## ৯. জলাশয় ব্যবহারের অধিকার (Water-body Use Right)ঃ

i) যে সকল জলাশয় প্রকল্প থেকে সরকারী অর্থে পুনঃখননের মাধ্যমে উন্নয়ন করা হবে তা স্থানীয় দরিদ্র সুফলভোগী গ্রুপের নিকট কমপক্ষে ৩(তিন) বছরের জন্য সরকারী ইজারা মূল্যে ইজারা প্রদানের ব্যবস্থা করতে হবে। পরবর্তী নবায়নে ইজারা গ্রহণকারী সুফলভোগী গ্রুপকে বিদ্যমান নিয়ম নীতির আলোকে অগ্রাধিকার দিতে হবে।

ii) ৩০০/- টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে জলাশয়ের মালিকানা প্রতিষ্ঠানের সাথে গ্রুপের দলপতি/সচিব-কাম-কোষাধ্যক্ষ এর চুক্তিনামা সম্পাদন করতে হবে।

iii) প্রতিটি গ্রুপের চুক্তিনামার ১ (এক) কপি প্রকল্প কর্তৃপক্ষের নিকট, ১ (এক) কপি সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তার নিকট, ১ (এক) কপি সংশ্লিষ্ট সিনিঃ উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে। মূল কপি সুফভোগী গ্রুপ সংরক্ষণ করবেন।

## অংশ -২ ঃ বাস্তবায়ন (IMPLEMENTATION)

বাস্তবায়ন ঃ PPR-2008এর Direct Procurement Method এর Regulation 76 (3) অনুযায়ী স্থানীয় দরিদ্র জনগণকে প্রকল্প বাস্তবায়নের সাথে জড়িত করার নিমিত্ত এলসিএস (Landless contracting society) এর মাধ্যমে স্কীমের বাস্তবায়ন কাজ করা হবে। তবে, বাস্তবায়নকারী কর্তৃপক্ষ অনুর্ধ ১০.০০ লক্ষ টাকা প্রক্কলিত মূল্যের পুনঃখনন কাজ আরএফকিউ (RFQ) পদ্ধতিতে বাস্তবায়ন করতে পারবেন এবং ২০.০০ লক্ষ টাকার অধিক প্রাক্কলিত মূল্যের পুনঃখনন কাজ উন্মুক্ত দরপত্রের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করে বাস্তবায়ন করতে পারবেন।

### ১০. মৎস্য অধিদপ্তরের ভূমিকা (Roles of Department of Fisheries)ঃ

| | |
|---|---|
| i) | প্রকল্প পরিচালক কর্তৃক প্রেরিত স্কীম তালিকা মোতাবেক স্কীমের বিপরীতে আর্থিক ক্ষমতা অনুযায়ী (প্রযোজ্য ক্ষেত্রে) প্রশাসনিক অনুমোদন প্রদান। |
| ii) | প্রকল্পের অধীনে বাস্তবায়িত স্কীমসমূহ মাঠ পর্যায়ে মনিটরিং এর ব্যবস্থা গ্রহন, বাৎসরিক যৌথ রিভিউ সভায় অংশগ্রহণ, মধ্যবর্তী মূল্যায়ন ইত্যাদি কাজ করণ। |
| iii) | প্রয়োজনে মাঠ পর্যায়ে রাজস্ব খাতের কর্মকর্তা/কর্মচারীদের কে প্রকল্পের সার্বিক কাজ বাস্তবায়নে সহায়তা প্রদানের দিক নির্দেশনা প্রদান করবেন। |
| iv) | প্রকল্পের ক্রয়কারী সংস্থা প্রধান হিসাবে (HOPE) পিপিআর/২০০৮ ও এর সর্বশেষ জারীকৃত সংশোধিত আইন/বিধিবিধানের আলোকে প্রকল্প সুষ্ঠভাবে পরিচালনা ও বাস্তবায়নে প্রয়োজন অনুযায়ী অনুমোদন প্রদান। |

### ১১. প্রকল্প পরিচালক, বিভাগীয় মৎস্য উপ-পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র সহকারী পরিচালক, সহকারী পরিচালক, সহকারী প্রকৌশলী, বিভাগীয় সহকারী/মৎস্যচাষ প্রকৌশলী, সিনিঃ উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা এবং সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী এর দায়িত্ব ঃ

#### ক) প্রকল্প পরিচালক ঃ

i) প্রকল্পের সার্বিক কার্যক্রম পরিচালনা, ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে (মৎস্য অধিদপ্তর/প্রশাসনিক মন্ত্রণালয়/সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা।

ii) মাঠ পর্যায় থেকে প্রাপ্ত স্কীমসমূহ চূড়ান্তভাবে যাছাই-বাছাই করে **"স্কীম নির্বাচন কমিটি"র** অনুমোদন সাপেক্ষে বাস্তবায়নের লক্ষ্যে ডিপিপির সংস্থানসহ আর্থিক বিধিবিধানের আলোকে পরবর্তী সকল পদক্ষেপ গ্রহণ করবেন।

iv) অনুমোদিত ও বরাদ্দকৃত স্কীমসমূহ মাঠ পর্যায়ে সুষ্ঠু বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করণ।

v) মাঝে মাঝে রিভিউ সভা করে বাস্তবায়িত স্কীমের অগ্রগতি পর্যালোচনাকরণ।

vi) বাৎসরিক/অর্ধ-বাৎসরিক, কেন্দ্রীয়/বিভাগীয় মাসিক পর্যালোচনা সভায় যোগদান/সভাপতিত্ব করণ।

vii) বাস্তবায়নের সময় কিছু সংখ্যক স্কীম পরিদর্শন করে মৎস্য অধিদপ্তর/মন্ত্রণালয়কে অবহিতকরণ।

viii) স্কীম বাস্তবায়নে কোথাও কোন সমস্যা দেখা দিলে তা সমাধানের তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ করণ।
ix) স্কীম বাস্তবায়নের সাথে সাথে মৎস্য চাষ/প্রদর্শনীর কার্যক্রম গ্রহণের ব্যবস্থাকরণ।
x) বাস্তবায়িত স্কীমে কোথাও কোন অবকাঠামো প্রয়োজন হলে তা চাহিদার প্রেক্ষিতে স্থাপনের ব্যবস্থাকরণ।
xi) কাজের অগ্রগতির প্রতিবেদন মৎস্য অধিদপ্তর এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ।
iii) বিকল্প কর্মসংস্থান হিসেবে জলাশয়ের পাড়ে ফলজ বৃক্ষ রোপন, শাক-সবজি রোপন কাজ মনিটরিং করবেন।

## খ) সহকারী পরিচালক (প্রকল্পে নিয়োজিত) ঃ

i) সুফলভোগীদের জেলা/উপজেলার মাধ্যমে মৎস্যচাষ প্রযুক্তি সম্প্রসারণ বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।
ii) মাঠ পর্যায়ে উন্নয়নকৃত জলাশয়ে মৎস্য চাষ কার্যক্রমে মাছের পোনা, খাদ্য সরবরাহ তদারকিকরণ।
iii) মৎস্য সম্প্রসারণ কাজের প্রতিবেদন প্রস্তুতকরণে প্রকল্প পরিচালককে সহায়তা প্রদান।
iv) "স্কীম নির্বাচন কমিটির" অনুমোদন প্রাপ্ত স্কীমের বিপরীতে মাঠ পর্যায়ে সরকারী আদেশ (জিও) জারী করতে প্রকল্প পরিচালক কে সহায়তা প্রদান।
v) মাসিক রিপোর্ট, বাজেট তৈরী, বাৎষরিক কর্মপরিকল্পনা তৈরী, আইবাস পরিচালনা, দরপত্র সংক্রান্ত কাজ, প্রদর্শনী কার্যক্রমে প্রকল্প পরিচালক কে সহায়তা প্রদান।
vi) প্রকল্প পরিচালকের পক্ষে রিভিউ সভায় অংশগ্রহণ এবং প্রশাসনিকসহ প্রকল্প পরিচালক কর্তৃক অর্পিত সকল দায়িত্ব পালন করবেন।
vii) প্রকল্পের সুনির্দিষ্ট লক্ষ্য/উদ্দেশ্য বাস্তবায়নে মাঠ পর্যায়ে সকল কার্যক্রম মনিটরিংসহ প্রকল্প পরিচালককে পরামর্শ প্রদান করবেন।

## গ) বিভাগীয় মৎস্য উপপরিচালক ঃ

i) সংশ্লিলষ্ট বিভাগে বাস্তবায়িতব্য স্কীমসমূহের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকরণ।
ii) বিভাগীয় মাসিক সমন্বয় সভায় স্কীম বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাকরণ এবং প্রকল্প পরিচালককে অবহিতকরনের মাধ্যমে দিক নির্দেশনা প্রদান।
iii) স্কীম বাস্তবায়নের সময় মাঠ পর্যায়ে তদারকি (Monitoring) করণ ও দিক নির্দেশনা প্রদান।
iv) স্কীম বাস্তবায়নে কোন সমস্যা সৃষ্টি হলে তা নিরসনে তাৎক্ষণিকভাবে পদক্ষেপ গ্রহণ এবং প্রয়োজনে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করণ।
v) বাস্তবায়িত স্কীমসমূহ গ্রুপ সদস্যদের মাধ্যমে মৎস্যচাষ/প্রদর্শনী কার্যক্রমের তদারকিকরণ ও দিক নির্দেশনা প্রদান।
vi) প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত ও লক্ষ/উদ্দেশ্য পুরন করার জন্য অধিনস্তদের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান।

## ঘ) জেলা মৎস্য কর্মকর্তা ঃ

i) সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার নিকট হতে প্রাপ্ত স্কীম ১৫ দিনের মধ্যে সম্ভাব্যতা (Feasibility) পরীক্ষা করে স্থানীয় ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদনের পর মতামতসহ প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ।
ii) স্কীম বাস্তবায়নের জন্য এলসিএস কমিটি অনুমোদন।
iii) সম্পাদিত কাজের মজুরি প্রদানের জন্য গঠিত এলসিএস/পিআইসি বরাবর পুনঃবরাদ্দপত্র (D.O) প্রদান।
iv) নির্ধারিত সময় এবং অনুমোদিত ডিজাইন মোতাবেক কাজ সম্পাদনের নিমিত্ত বাস্তবায়নাধীন স্কীম সমূহের কাজ তত্ত্বাবধান/ তদারকিকরণ এবং সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকরণ।
v) জলাশয় সংস্কার এবং পুনঃখনন কাজে এবং মাছচাষ কার্যক্রমে কারিগরি সহায়তা প্রদান।
vi) প্রকল্পের তালিকাভূক্ত স্কীম সংস্কারের জন্য নির্বাচন এবং সুফলভোগী দল গঠনের বিষয়টি নিশ্চিতকরণ।
vii) সুফলভোগী সদস্যদের প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিত করণ।
viii) অত্র নির্দেশিকায় প্রদত্ত ছক মোতাবেক সমস্ত রিপোর্ট তৈরি করে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ।
ix) কেন্দ্রিয়/বিভাগীয় অগ্রগতি পর্যালোচনা সভায় যোগদান এবং তাঁর জেলার অগ্রগতির প্রতিবেদন পেশকরণ।
x) মাসিক পর্যালোচনা সভায় স্কীমের অগ্রগতির বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করণ এবং অগ্রগতি নিশ্চিতকরণ।

xi) নির্ধারিত সময়ের মধ্যে উন্নয়নকৃত জলাশয় গঠিত গ্রুপ সদস্যদের নিকট হস্তান্তরের বিষয়টি নিশ্চতকরণসহ মালিকানা সংস্থার নিকট হতে ইজারা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করা।

xii) উন্নয়নকৃত জলাশয়ে গ্রুপ সদস্যদের দিয়ে মৎস্যচাষ/প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং করা।

xiii) গ্রুপ সদস্যদের সঞ্চয় কার্যক্রমে উদ্বুদ্ধকরণ।

xiv) অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ। ভবিষ্যতে অডিটের জন্য নিয়ম মোতাবেক সংশ্লিষ্ট কাগজপত্র ও তথ্যাদি পরবর্তি ১০ বছর পর্যন্ত সংরক্ষণ করন।

xv) যে সকল পুন:খনন কাজ আরএফকিউ (RFQ) বা উন্মুক্ত দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়িত হবে উহা মনিটরিং করা, সম্পাদিত কাজ অনুযায়ী ঠিকাদারের বিল প্রাপ্তিতে সহায়তা করা।

xvi) জেলার অধীন সকল পুন:খনন কাজ সমাপনান্তে গঠিত চূড়ান্ত পরিমাপ কমিটি কর্তৃক গৃহিত পরিমাপের ভিত্তিতে পিআইসি/ঠিকাদারের বিল প্রদান।

## ঙ) সহকারী প্রকৌশলী (প্রকল্পে নিয়োজিত)ঃ

i) মাঠ পর্যায় থেকে প্রাপ্ত স্কীমসমূহ পরীক্ষা করে চেকলিস্ট আকারে মতামতসহ অনুমোদনের ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালক বরাবর পেশকরণ।

ii) হেক্টর প্রতি ব্যয় সীমা, খনন গভীরতা এবং অনুমোদিত দরহারের ভিত্তিতে মাঠ পর্যায় থেকে প্রাপ্ত স্কীমসমূহের প্রি-ওয়ার্ক ও পোস্ট-ওয়ার্ক পরীক্ষা করণ এবং মতামত প্রদান।

iii) অনুমোদিত স্কীমের বিপরীতে বরাদ্দপত্র A.O. জারি করতে প্রকল্প পরিচালককে সহায়তাকরণ।

iv) প্রকল্প পরিচালকের পক্ষে রিভিউ সভায় অংশগ্রহণ এবং কার্যক্রমের অগ্রগতির পর্যালোচনা করণ।

v) স্কীম বাস্তবায়নের সময় মাঠ পর্যায়ে তদারকিকরণ (monitoring),স্কীম বাস্তবায়নে কোন জটিলতা দেখা দিলে পরিদর্শন করত: সমাধানের ব্যবস্থা গ্রহণ এবং প্রকল্প পরিচালককে অবহিত করণ।

vi) বাস্তবায়িত স্কীমে কোথাও অবকাঠামো প্রয়োজন হলে তা স্থাপনের ব্যবস্থা গ্রহণ এবং প্রাক্কলন তৈরী করা।

vii) বাস্তবায়িত স্কীমের অগ্রগতি প্রতিবেদন প্রদানের বিষয়ে প্রকল্প পরিচালককে সহায়তাকরণ।

viii) যে সকল খনন কাজ আরএফকিউ পদ্ধতিতে বা উন্মুক্ত দরপত্র আহব্বানের মাধ্যমে বাস্তবায়িত হবে উহার প্রাক্কলন প্রনয়ন, দরপত্র সিডিউল তৈরী, টেন্ডার আহবান, মনিটরিং, সম্পাদিত কাজ অনুযায়ী ঠিকাদারের বিল প্রাপ্তিতে সহায়তা করা।

ix) মাঠ পর্যায়ের কাজ বাস্তবায়নের সহিত জড়িত সহকারী/উপ-সহকারী প্রকৌশলীদের সাথে কাজের অগ্রগতি বিষয়ে যোগাযোগ রক্ষা।

## চ) সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা ঃ

i) নির্ধারিত ছকে উপ-সহকারী প্রকৌশলী/কারিগরি কর্মকর্তা এর সহায়তায় স্কীম প্রণয়ন পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত সময়ের মধ্যে জেলা মৎস্য কর্মকর্তা বরাবর প্রেরণ।

ii) নীতিমালা অনুযায়ী সুফলভোগী গ্রুপ গঠনের ব্যবস্থা গ্রহণ।

iii) এলসিএস দলপতি বরাবর পুনঃবরাদ্দ আদেশ (D.O) প্রদানের জন্য চাহিদাপত্রে সুপারিশ করণ।

iv) জেলা মৎস্য কর্মকর্তাকে এলসিএস গঠনে সহায়তা করণ।

v) কাজ আরম্ভ করার পূর্বে এলসিএস সদস্যদের এক দিনের একটি প্রস্তুতিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করণ।

vi) কাজ আরম্ভ করার পূর্বে প্রতিটি স্কীমে প্রোফাইল নিশ্চিত করণসহ ও সাইট পরিদর্শন।

vii) ডিজাইন মোতাবেক নির্ধারিত সময়ে কাজ সম্পাদনের জন্য নিবিড়ভাবে কাজ পরিদর্শনকরণ এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান। স্থানীয় কোন জটিলতা সৃষ্টি হলে তা নিরোসন করা।

viii) জেলা মৎস্য কর্মকর্তাকে মাটির কাজের বিষয়ে সকল রিপোর্ট প্রদান ও প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তাকরণ।

ix) উন্নয়নকৃত জলাশয় যথাসময়ে সুফলভোগী গ্রুপ সদস্যদের নিকট হস্তান্তরের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করণ এবং মাছচাষসহ বিকল্প কর্মসংস্থানের পরামর্শ প্রদান করা।

x) সুফলভোগী গ্রুপ সদস্যদের মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা করণ এবং সঞ্চয় কার্যক্রমে উদ্বুদ্ধকরণ।

xi) অনুমোদিত ডিজাইন মোতাবেক কাজ বাস্তবায়ন নিশ্চিতকরণ।

xii) উপজেলার অধীন সকল পুন:খনন কাজ সমাপনান্তে গঠিত চূড়ান্ত পরিমাপ কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন এবং যৌথ চূড়ান্ত মাপের প্রতিবেদন অনুযায়ী জেলা মৎস্য কর্মকর্তা বরাবর শুপারিশ করণ।

xiii) যে সকল পুন:খনন কাজ আরএফকিউ (RFQ) বা উন্মুক্ত দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়িত হবে উহা

মনিটরিং করা, সম্পাদিত কাজ অনুযায়ী ঠিকাদারের বিল প্রাপ্তিতে সহায়তা করা।

### ছ) বিভাগীয় সহকারী/মৎস্যচাষ প্রকৌশলী ঃ

i) স্কীম তৈরিতে জেলা মৎস্য কর্মকর্তা/সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে সহায়তা প্রদান।
ii) মাটি পুন:খনন এবং অবকাঠামোগত কাজের বিষয়ে রিপোর্ট তৈরিতে উপপরিচালক কে সহায়তা প্রদান।
iii) স্কীম বাস্তবায়নে অনুমোদিত ডিজাইন, প্রাক্কলন ও বরাদ্দ মোতাবেক কাজ বাস্তবায়ন নিশ্চিতকরণ এবং সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত উপসহকারী প্রকৌশলীকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন।
iv) মাটির কাজে প্রি-ওয়ার্ক ও পোস্ট-ওয়ার্ক পরিমাপ গ্রহণের দায়-দায়িত্ব পালন এবং লেভেল বহি প্রস্তুত ও পরিমাপ বহি (M.B) লিপিবদ্ধ করনের উপসহকারী প্রকৌশলীকে সার্বিক দিক নির্দেশনা এবং কাজ সমাপ্তি প্রতিবেদন তৈরীতে সহায়তা প্রদান।
v) আওতাধীন সকল পুন:খনন কাজ সমাপনান্তে গঠিত চূড়ান্ত পরিমাপ কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন। সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত লেভেল বহি এবং এমবি বহি পরীক্ষান্তে স্বাক্ষর করবেন।

### জ) উপ-সহকারী প্রকৌশলী:

i) স্কীম তৈরিতে জেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা /উপজেলা মৎস্য কর্মকর্তাকে সহায়তা প্রদান।
ii) স্কীম বাস্তবায়নে অনুমোদিত ডিজাইন, প্রাক্কলন মোতাবেক কাজ বাস্তবায়ন নিশ্চিতকরণ।
iii) এলসিএস দলপতি বরাবর পুনঃবরাদ্দ আদেশ (D.O.) প্রদানের জন্য চাহিদা পত্রে সুপারিশকরণ।
iv) অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ এবং ভবিষ্যতে অডিটের প্রয়োজনীয় কাগজপত্রাদি সংরক্ষণ করবেন।
v) মাটির কাজে প্রি-ওয়ার্ক ও পোস্ট-ওয়ার্ক পরিমাপ গ্রহণের দায়-দায়িত্ব পালন এবং লেভেল বহি প্রস্তুত ও পরিমাপ বহি (M.B) লিপিবদ্ধ করণ।
vi) আওতাধীন সকল পুন:খনন কাজ সমাপনান্তে গঠিত চূড়ান্ত পরিমাপ কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন। কাজের মাপ গ্রহনকারী/বিল প্রনয়ণকারী হিসাবে লেভেল বহি এবং এমবি বহিতে প্রত্যয়ন ও স্বাক্ষর করবেন।

## ১২. চুক্তিবদ্ধ ভূমিহীন সমিতি(এলসিএস) গঠন (Formation of Landless Contracting Society-LCS)ঃ

i) প্রতিটি এলসিএস কমপক্ষে ১জন মহিলাসহ ৫-৭ সদস্য সমন্বয়ে গঠিত হবে। তন্মধ্যে ১জন দলনেতা, ১জন উপ-দলনেতা এবং অন্যান্যরা সদস্য হিসেবে থাকবেন।
ii) প্রতি ইউনিয়নের জন্য আলাদা এলসিএস হবে। অনুর্ধ ২০.০০ (বিশ) লক্ষ টাকার জন্য কমপক্ষে ১টি এলসিএস গঠন করতে হবে।
iii) স্কীম এলাকায় সুফলভোগী দলের সদস্য, সমাজসেবক, আনসার, ভিডিপি সদস্য ও দরিদ্র জনগোষ্ঠীকে সম্পৃক্ত করে চুক্তিবদ্ধ ভূমিহীন সমিতি (এলসিএস) গঠনে অগ্রাধিকার দিতে হবে।
iv) সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা স্কীম এলাকার সুফলভোগী সদস্য, সমাজসেবক ও আনসার ভিডিপি সদস্য ও স্থানীয় দরিদ্র জনগোষ্ঠীর সাথে আলাপ আলোচনাক্রমে এলসিএস গঠনের প্রস্তাব জেলা মৎস্য কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। জেলা মৎস্য কর্মকর্তা বিবেচনান্তে তা অনুমোদন করবেন।
v) এলসিএস কমিটির উপ-দলনেতা স্কীম সম্পর্কিত সমস্ত তথ্য লিপিবদ্ধ এবং সংরক্ষণ করবেন।
vi) এলসিএস চুক্তি অনুযায়ী কাজ সম্পাদন করতে ব্যর্থ হলে বা চুক্তি ভঙ্গ করলে সেক্ষেত্রে জেলা মৎস্য কর্মকর্তা নতুন এলসিএস গঠন করতে পারবেন। বাতিলকৃত কমিটির নিকট রক্ষিত অব্যবহৃত অর্থ, সংশ্লিষ্ট কাগজপত্র নতুন এলসিএস এর নিকট হস্তান্তর করতে হবে। অন্যথায় জেলা মৎস্য কর্মকর্তা আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন।
vii) স্কীমের পুন:খনন কাজ বাস্তবায়নে পদ্ধতি নির্বাচন (মেনুয়াল/যান্ত্রিক) সম্পূর্ন এলসিএস কমিটির সম্মিলিত সিদ্ধান্তের ওপর নির্ভরশীল, বাস্তবায়নকারী কর্তৃপক্ষ সম্পাদিত কাজের পরিমাপের ভিত্তিতে মুল্য পরিশোধ করবেন।

## ১৩. চুক্তিবদ্ধ ভূমিহীন সমিতি এর দায়িত্ব (Responsibilities of LCS)ঃ

i) চুক্তিবদ্ধ ভুমিহীন সমিতির উপ-দলনেতা এবং সদস্যদের সহযোগিতায় দলনেতা স্কীমের পুনঃখনন কাজ

বাস্তবায়ন করবেন।

ii) অনুমোদিত নক্সা ও বাস্তবায়নকারী কর্তৃপক্ষের নির্দেশ/শর্তানুযায়ী স্কীম বাস্তবায়নের জন্য এলসিএস কমিটির দলনেতা এবং সদস্যগণ এককভাবে এবং সামগ্রিকভাবে দায়ী থাকবেন।

iii) এলসিএস কমিটির পক্ষে দলনেতা এবং উপ-দলনেতা যথাযথভাবে বরাদ্দকৃত অর্থ ব্যবহার করবেন এইমর্মে অঙ্গীকারনামা প্রদান করবেন। অঙ্গীকারনামা অবশ্যই ৩০০/- মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে হতে হবে।

iv) কাজ আরম্ভ করার পূর্বে ভূমিহীন চুক্তিবদ্ধ সমিতিকে অবশ্যই স্কীম সাইটে বাস্তবায়নকারী কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী বাংলায় লেখা সাইনবোর্ড স্থাপন করতে হবে।

v) স্কীম বাস্তবায়নে খরচের অর্থ গ্রহণের জন্য এলসিএস দলনেতা ও উপ-দলনেতা ব্যাংকে একটি যৌথ একাউন্ট খুলবেন। ব্যাংক থেকে অর্থ উত্তোলনের জন্য দলনেতা ও উপ-দলনেতা যৌথভাবে দায়ী থাকবেন। সম্পাদিত কাজ অনুযায়ী শ্রমিকদের মধ্যে প্রাপ্য অনুসারে টাকা বিতরণের জন্যও তারা দায়ী থাকবেন। বাস্তবায়নকারী কর্তৃপক্ষ সম্পাদিত কাজের পরিমাপের ভিত্তিতে কাজির অগ্রগতি বিবেচনায় পর্যায়ক্রমে মুল্য পরিশোধ করবেন।

vi) স্কীম এলাকায় এলসিএসকে সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাদের নিকট স্কীম বাস্তবায়ন সম্পর্কিত সমস্ত ধরনের হিসাব ও কাগজপত্র অবশ্যই প্রদর্শন করতে হবে। পরবর্তীতে এই কাগজপত্রসমূহ সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তার অফিসে সংরক্ষণ করতে হবে।

vii) এলসিএস মাসে কমপক্ষে দু'বার স্কীম বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে সভা করবে। এ সভার আলোচনা ও সিদ্ধান্ত লিপিবদ্ধ করতে হবে এবং উপস্থিত সকল সদস্যের স্বাক্ষর করতে হবে।

**viii) নিম্নবর্ণিত তথ্যাবলী এলসিএসকে অবশ্যই সংরক্ষণ করতে হবে(প্রযোজ্য ক্ষেত্রে)।**

ক) পরিমাপ এবং মজুরি প্রদান (Measurement and Payment Ledger) সম্পর্কিত বহি।
খ) সংশ্লিষ্ট মডিফাইড মাস্টার রোল এবং মাস্টার রোল।
গ) শ্রমিকদের হাজিরা খাতা।
ঘ) টাকা মজুদের খাতা।
ঙ) এলসিএস সভার কার্যক্রম লিপিবদ্ধের বহি।
চ) শ্রমিকদের মজুরি প্রদান সম্পর্কিত সর্দারের প্রত্যয়নপত্র এবং
ছ) আনুষঙ্গিক খরচের হিসাব বহি।

## ১৪. সর্দার এবং পরিদর্শকের দায়িত্ব (Responsibilities of Sardar and Supervisor)ঃ

শ্রমিকরা তাদের দলের মধ্য থেকে সর্দার নিয়োগ করবেন এবং তিনি সে দলের সাথে কাজ করবেন। এলসিএস কোন সর্দার নিয়োগ করতে পারবে না। সাধারণতঃ প্রতি ১৫ থেকে ২০ জন শ্রমিকের জন্য ১জন সর্দার নিয়োগ করা হয়ে থাকে। সর্দারের নিম্নবর্ণিত দায়িত্বলী পালন করতে হবে।

ক) শ্রমিকদের তাদের দায়িত্ব বুঝিয়ে দিবেন।
খ) পরিমাপের সময় উপস্থিত থেকে সাহায্য করবেন।
গ) দলের পক্ষ থেকে এলসিএস এর নিকট মজুরি বুঝে নিবেন।
ঘ) কাজের পরিমাপ অনুযায়ী শ্রমিকদের টাকা বিতরণ করবেন এবং সে অনুযায়ী এলসিএসকে প্রত্যয়নপত্র প্রদান করবেন।
ঙ) নক্সা, কর্তৃপক্ষের নির্দেশনা ও শর্তাবলী অনুযায়ী কাজ সম্পাদন নিশ্চিত করবেন।

পরিদর্শক এলসিএস কমিটির সদস্য হিসেবে গণ্য হবেন। সর্দারসহ ১০০ জন শ্রমিকের জন্য ১ জন পরিদর্শক নিয়োগ করা যাবে। তাঁর দায়িত্ব হলো ঃ

ক) শ্রমিক সংগ্রহ করা।
খ) পরিমাপে সহায়তা করা।
গ) নক্সা, কর্তৃপক্ষের নির্দেশনা ও শর্তানুযায়ী কাজ সম্পাদন নিশ্চিত করা।
ঘ) শ্রমিকদের মজুরি প্রদানের সময় উপস্থিত থাকা এবং পরিমাপ ও মজুরি খাতায় স্বাক্ষর করা।
ঙ) এলসিএস কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।

## ১৫. আনুষঙ্গিক তহবিল (Contingency Fund) ঃ

১৫.১ ক) প্রকল্প পরিচালক প্রতি ১ (এক) লক্ষ টাকা কাজের জন্য ৫০০/ (পাঁচ শত) টাকা (১ টি এলসিএস এর জন্য সর্বোচ্চ ২০০০/-টাকা) ফরম ছাপানো, সাইনবোর্ড স্থাপন, মনোহরি দ্রব্যাদি ক্রয় এবং অন্যান্য অপ্রত্যাশিত খরচ বাবদ বাস্তবায়নকারী কর্তৃপক্ষের চাহিদার ভিত্তিতে প্রদান করতে পারবেন।

১৫.২ খ) আনুষঙ্গিক খরচের অর্থ জেলা মৎস্য কর্মকর্তা উত্তোলনপূর্বক (বরাদ্দ পাওয়া সাপেক্ষে) চেকের মাধ্যমে এলসিএসকে প্রদান করবেন।

## ১৬. বরাদ্দপত্র (A.O.)/ পুনঃবরাদ্দপত্র (D.O.) জারি এবং অর্থ উত্তোলন সংক্রান্ত নির্দেশাবলী ঃ-

১৬.১ প্রকল্প পরিচালক বার্ষিক উন্নয়ন কর্মসূচির বরাদ্দ অনুযায়ী মাঠ পর্যায় হতে প্রাপ্ত স্কীমের তালিকা করে **স্কীম নির্বাচন কমিটির** সভায় অনুমোদন সাপেক্ষে আর্থিক ক্ষমতাবলে বরাদ্দপত্র জারী করবেন।

১৬.২ প্রকল্প পরিচালক অনুমোদিত স্কীমের প্রাক্কলন অনুযায়ী জেলা মৎস্য কর্মকর্তা/সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাগণের অনুকূলে অর্থ বরাদ্দের সরকারি আদেশ (GO) জারি করবেন। বরাদ্দ আদেশ প্রাপ্তির সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা নির্ধারিত পিআইসি/এলসিএস কমিটির সাথে চুক্তি করবেন। অতপর পিআইসি/এলসিএস কমিটির অনুকূলে প্রথম কিস্তির অগ্রিম অর্থ পরিশোধের ব্যবস্থা গ্রহণ করবে। যাবতীয় আর্থিক লেনদেনে স্বচ্ছতা নিশ্চিত করতে এলসিএস কমিটি স্থানীয় ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক জেলা মৎস্য কর্মকর্তার অনুমোদনক্রমে কোন রাষ্ট্রায়ত্ব বাণিজ্যিক ব্যাংকে এলসিএস কমিটির অনুকূলে একটি চলতি হিসাব খুলবেন এবং উক্ত হিসাব হতে যাবতীয় লেনদেন নিষ্পন্ন করবেন।
(১) জেলা মৎস্য কর্মকর্তার অনুকূলে বরাদ্দকৃত অর্থ আদেশ অনুযায়ী সিনিঃ উপজেলা মৎস্য/উপজেলা মৎস্য কর্মকর্তার মাধ্যমে পিআইসি/এলসিএস এর নিকট হতে প্রাপ্ত কিস্তিভিত্তিক বিলটি পরীক্ষা-নিরীক্ষান্তে অগ্রিম অর্থ ছাড়ের জন্য বিলে প্রতিস্বাক্ষর পূর্বক জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। (২) সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা বরাবর বরাদ্দকৃত অর্থ আদেশ অনুযায়ী পিআইসি/এলসিএস এর নিকট হতে প্রাপ্ত কিস্তিভিত্তিক বিলটি পরীক্ষা-নিরীক্ষান্তে অগ্রিম অর্থ ছাড়ের জন্য বিলে স্বাক্ষর/প্রতিস্বাক্ষর পূর্বক উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট প্রেরণ করবেন।

প্রথম কিস্তিতে প্রদত্ত অর্থের সন্তোষজনক ব্যবহার এবং স্কীম বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে সিনিঃ উপজেলা /উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট প্রকৌশলীর সুনির্দিষ্ট সুপারিশের ভিত্তিতে জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক দ্বিতীয় কিস্তির অর্থ অগ্রিম ছাড় করা যাবে। তৃতীয় কিস্তির অর্থ অগ্রিম ছাড় করার সময় সম্পাদিত কাজের ভিত্তিতে প্রথম কিস্তিতে প্রদত্ত অগ্রিম অর্থ সমন্বয় করতে হবে এবং চতুর্থ কিস্তির অর্থ ছাড়ের সময় দ্বিতীয় ও তৃতীয় কিস্তিতে প্রদত্ত অগ্রিম অর্থ আবশ্যিকভাবে সমন্বয় করতে হবে। একই ভাবে সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা বরাবর বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট উপসহকারী প্রকৌশলী'র সুপারিশক্রমে অগ্রিম প্রদান করবেন এবং সমন্বয় করবেন।

১৬.৩ চতুর্থ কিস্তির অর্থ ছাড় করার পূর্বে গঠিত চূড়ান্ত পরিমাপ কমিটি কর্তৃক স্কীমের কাজের চূড়ান্ত পরিমাপ গ্রহণ করতে হবে এবং ইতিপুর্বে প্রদানকৃত অর্থ সমন্বয়ের পর প্রাপ্য অর্থের বিলে সংশ্লিষ্ট সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট প্রকৌশলীর সুপারিশের ভিত্তিতে জেলা মৎস্য কর্মকর্তা বিলে প্রতিস্বাক্ষর পূর্বক জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার দপ্তরে প্রেরণ করবেন। জেলা মৎস্য কর্মকর্তার প্রতিস্বাক্ষরযুক্ত বিল প্রাপ্তির পর জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক বিলটি অনুমোদন করবেন এবং পিআইসি বা এলসিএস/ঠিকাদারের অনুকূলে বিলের বিপরীতে প্রদেয় অর্থ পরিশোধের ব্যবস্থা নেবেন। পিআইসি/এলসিএস কমিটি খনন কাজের যাবতীয় ব্যয়ের হিসাব ও অন্যান্য রেকর্ডপত্রাদি যথাযথভাবে সংরক্ষণ করবেন এবং সংশ্লিষ্ট সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে সরবরাহ করবেন। একইভাবে সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা বরাবর বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তার দপ্তর হতে উত্তোলণ ও ব্যয় করবেন।

১৬.৪ এলসিএস দলনেতা চাহিদাপত্রে **(পরিশিষ্ট-৯)** অর্থের চাহিদা জেলা মৎস্য কর্মকর্তা/সিনিঃ উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা বরাবর দাখিল করবেন। জেলা মৎস্য কর্মকর্তা/সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা উক্ত চাহিদার ভিত্তিতে চাহিদাপত্রের যথার্থতা পরীক্ষান্তে এলসিএস দলনেতা ও উপ-দলনেতা/ঠিকাদার বরাবর তাদের নামের বিপরীতে হিসাব প্রদেয় চেকের মাধ্যমে (A/C Pay cheque) অর্থ প্রদান করবেন। একই ভাবে সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা বরাবর বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট উপসহকারী প্রকৌশলীর চাহিদার ভিত্তিতে বিল দাখিল করবেন এবং পরিশোধ করবেন।

১৬.৫ ১ম কিস্তিতে মোট অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের/বরাদ্দের শতকরা ২৫ ভাগের বেশি অর্থ বরাদ্দ প্রদান করা যাবে না। ১ম কিস্তিতে বরাদ্দকৃত অর্থের ৭৫% অর্থের সন্তোষজনক কাজ পরিসমাপ্তি সাপেক্ষে ২য় এবং পরবর্তী

কিস্তির চাহিদা প্রদান করা যাবে, এক্ষেত্রে বাস্তবায়নকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত।

১৬.৬ এলসিএস বরাবর ১ম কিস্তির অর্থ অবমুক্তির পূর্বে সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা/সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা আবশ্যিকভাবে এলসিএস কর্তৃক অঙ্গিকারনামা সম্পাদন, প্রয়োজনীয় আনুষঙ্গিক খরচের অর্থ অবমুক্তকরণ এবং স্কীম সাইটে সাইনবোর্ড স্থাপনসহ অন্যান্য আনুসঙ্গিক কার্যক্রম সমাপ্তি নিশ্চিৎ করবেন।

১৬.৭ চূড়ান্ত পরিমাপ কমিটি কর্তৃক স্কীমের পোস্ট-ওয়ার্ক পরিমাপের পরই কেবল অর্থের চূড়ান্ত চাহিদা এবং অর্থ প্রদান করা যাবে। কোন স্কীমের কাজ সমাপ্তির পর এলসিএস এর নিকট যাতে কোন অব্যয়িত অর্থ না থাকে সে বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয়  নথিপত্র এবং অগ্রগতি সতর্কতার সাথে পরীক্ষা করবেন।

১৬.৮ এলসিএস এর দলনেতা ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ টাকা উত্তোলন এবং যথাসময়ে শ্রমিকদের মধ্যে বিতরণের জন্য দায়ী থাকবেন, বাস্তবায়নকারী কর্তৃপক্ষ সম্পাদিত কাজের পরিমাপের ভিত্তিতে মুল্য পরিশোধ করবেন।

১৬.৯ কোন ক্রমেই এক স্কীমের অর্থ  অন্য স্কীমের কাজের বিপরীতে খরচ করা যাবে না।

১৬.১০ কোন কারণে বরাদ্দ আদেশ (A.O.) জারিকৃত কোন স্কীম যদি বাস্তবায়ন করা সম্ভব না হয় তবে প্রকল্প পরিচালক বরাবর বরাদ্দকৃত সমুদয়  অর্থ সমর্পন করতে হবে।

## ১৭. পরিমাপ এবং মজুরি প্রদান (Measurement and Payment)ঃ

১৭.১ কাজ আরাম্ভ করার পূর্বে সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে স্কীমের প্রকৃত প্রি-ওয়ার্ক গ্রহণপূর্বক সংশ্লিষ্ট নথিতে (লেভেল বহিতে লিপিবদ্ধ করে) সংরক্ষণ করতে হবে। গৃহীত প্রি-ওয়ার্কের পরিমাণের তারতম্য যদি ১০% এর বেশি  হয় তবে দ্রুততর সময়ের মধ্যে সংশোধিত প্রাক্কলনসহ স্কীম প্রণয়ন করে প্রকল্প পরিচালকের নিকট হতে অনুমোদন গ্রহণ পূর্বক বাস্তবায়ন শুরু করতে হবে।

১৭.২ যখনই খননকাজের পরিমাপ গ্রহণ করা হবে তখনই তা অবশ্যই পরিমাপ বহিতে লিপিবদ্ধ করতে হবে।

১৭.৩ ইস্যুকৃত লেভেল বহিতে প্রি-ওয়ার্ক ও পোস্ট-ওয়ার্ক মাপ এবং মাপ বহিতে খনন কাজের পরিমাপ লিপিবদ্ধ করতে হবে। অনুরূপভাবে পরিমাপ বহিতে এলসিএস দলনেতা, দায়িত্বপ্রাপ্ত উপ-সহকারী প্রকৌশলী, বিভাগীয় সহকারী/মৎস্যচাষ প্রকৌশলী এবং সিনিঃ উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার স্বাক্ষর থাকবে এবং উহা জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

১৭.৪ স্কীমের কাজ সমাপ্তির অব্যবহিত পরই গঠিত কমিটির মাধ্যমে পোস্ট-ওয়ার্ক মাপ গ্রহণপূর্বক লেভেল বহিতে লিপিবদ্ধ করতে হবে এবং গৃহীত পোস্ট-ওয়ার্ক মাপের সাহায্যে মাপ বহি ও চূড়ান্ত মাটির কাজের পরিমাণ এবং অনুমোদিত নির্ধারিত দরহার অনুযায়ী অর্থের পরিমাণ  লিপিবদ্ধ করতে হবে এবং সংশ্লিষ্ট সকলের স্বাক্ষর/প্রতিস্বাক্ষর থাকতে হবে।

১৭.৫ সকল মজুরি খননকৃত মাটির চূড়ান্ত পরিমাপ কমিটি কর্তৃক গৃহিত প্রকৃত পরিমাপের ভিত্তিতে প্রদান করতে হবে। প্রতি ঘনমিটার মাটির কাজের জন্য অনুচ্ছেদ-৬ মোতাবেক টাকা পরিশোধ করতে হবে।

১৭.৬ অনুমোদিত ডিজাইন অনুযায়ী কাজ সম্পাদনের পর চূড়ান্ত পরিমাপ গ্রহণ করতঃ চূড়ান্ত বিল পরিশোধের পূর্বে উন্নয়নকৃত জলাশয়টি গঠিত সুফলভোগী গ্রুপের নিকট মাছ চাষ কার্যক্রমের জন্য হস্তান্তর করতে হবে।

১৭.৭ শ্রমিকদের মজুরি প্রদান/খননযন্ত্রে সম্পাদিত খনন কাজের বিল পরিশোধ অনুমোদিত পিআইসি এর উপর নির্ভরশীল যা আলোচনার মাধ্যমে পিআইসি/এলসিএস নির্ধারণ করবে। কর্তৃপক্ষ সম্পাদিত কাজ অনুযায়ী গৃহীত পরিমাপ ও নির্ধারিত দরহার অনুযায়ী পিআইসি/ঠিকাদারকে  অর্থ পরিশোধ করবেন।

## ১৮ খনন পদ্ধতি (Re-excavation Methods)ঃ

